দৈনিক
ইনকিলাব

তারিখ ... 0 9 FEB 2015
পৃষ্ঠা: ... কলাম: ...

# বিএমটিটিআই-এ মাদরাসা প্রধান ও সহকারী শিক্ষকদের দু'টি কোর্স উদ্বোধন

স্টাফ রিপোর্টার : গত শনিবার বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
(বিএমটিটিআই)-এর টিকিউআই সম্মেলন কক্ষে দাখিল স্তরের মাদরাসা প্রধানদের
১০ম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক সঞ্জীবনী কোর্স এবং সহকারী শিক্ষকদের
১১০তম বিষয়ভিত্তিক (আরবি, গণিত ও বিজ্ঞান) কোর্সের উদ্বোধন করা হয়।
বাংলাদেশ জমিয়াতুল মোদাররেছীনের মহাসচিব, বিএমটিটিআই বোর্ড অব
গভর্নরসের সদস্য এবং ভাংনাহাটি রহমানিয়া কামিল মাদরাসার অধ্যক্ষ আলহাজ
মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী প্রধান অতিথি থেকে কোর্স দু'টি উদ্বোধন
করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিএমটিটিআই'র নবাগত অধ্যক্ষ প্রফেসর
ড. মো. আহাম্মদ উল্লাহ। স্বাগত বক্তব্য রাখেন, বিএমটিটিআই'র উপাধ্যক্ষ
মো. কামরুজ্জামান সরকার। ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন, মো. আব্দুস
সোবহান, প্রধান সমন্বয়ক, সঞ্জীবনী কোর্স ও সহযোগী অধ্যাপক, বিএমটিটিআই।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, দিলরুবা ফৌজিয়া খান, প্রধান সমন্বয়ক ১১০তম
বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স ও সহযোগী অধ্যাপক, বিএমটিটিআই। অনুষ্ঠানটি
সঞ্চালন করেন সেলিনা বানু, প্রভাষক, বিএমটিটিআই।